

mRNA COVID-19 টিকাসমূহ যেভাবে কাজ করে

টিকা নিলে তা আপনাকে সুরক্ষা দেয়, এবং
আপনার পরিবার ও বন্ধুদেরও রক্ষা করতে পারে।
যুক্তরাষ্ট্রে ব্যবহারের জন্য দুটি mRNA COVID-19 টিকাকে
অনুমোদন দেয়া হয়েছে: Pfizer-BioNTech ও Moderna।




1. নির্দেশ

COVID-19 হওয়ার কারণস্বরূপ ভাইরাসে পাওয়া যায়
যে স্পাইক প্রোটিন তা তৈরি করার নির্দেশ নিয়ে mRNA
আপনার শরীরে প্রবেশ করে।

2. উৎপাদন

আপনার শরীর স্পাইক প্রোটিনটি তৈরি করে।
এর ফলে দেহে অ্যান্টিবডি তৈরি হয়।



3. অপসারণ

আপনার শরীর mRNA কে ভেঙে ফেলে এবং অপসারণ করে।

4. প্রতিরোধ

COVID-19 সৃষ্টিকারী ভাইরাস যদি আপনার শরীরে
প্রবেশ করে, অ্যান্টিবডিগুলো ভাইরাসটিকে সনাক্ত
করে এবং এর সাথে লড়াই করে, ফলে আপনি
অসুস্থ হওয়ার হাত থেকে রক্ষা পান।



mRNA টিকা সংক্রান্ত তথ্য

- COVID-19 টিকাসমূহ বিস্তৃত পরিসরের চিকিৎসাগত গবেষণার
মধ্য দিয়ে গেছে যা খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug
Administration, FDA) ও অন্যান্য বিশেষজ্ঞরা পর্যালোচনা
করেছেন। এই টিকাগুলো নিরাপদ ও মানুষকে গুরুতর
COVID-19 জনিত অসুস্থতা থেকে রক্ষা করতে অত্যন্ত কার্যকর
বলে দেখা গেছে।
- যে ভাইরাসটি COVID-19 এর কারণ তা mRNA টিকাগুলোর
মধ্যে নেই।
- এই টিকাগুলো থেকে আপনার COVID-19 হওয়া অসম্ভব।
- এই টিকাগুলো আপনার ডিএনএ তে পরিবর্তন আনতে
পারবে না।

টিকা পাওয়ার যোগ্যতা সম্পর্কে আরো তথ্যের জন্য, nyc.gov/covidvaccine দেখুন। একটি টিকাদান কেন্দ্র খুঁজে
পেতে ও অ্যাপয়েন্টমেন্ট করতে, ভিজিট করুন nyc.gov/vaccinefinder বা কল করুন 877-829-4692 নম্বরে।

COVID-19 টিকাসমূহ সম্পর্কে আরো জানতে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন,
nyc.gov/covidvaccine ভিজিট করুন অথবা কল করুন 311 নম্বরে।

NYC
Health